**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৩২/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৮ জানুয়ারি ২০১৮, ২৫ পৌষ ১৪২৪**

১। জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণ : মত-পথের পার্থক্য ভুলে কাজ করার আহ্বান

২। রাজনীতিবিদরা সৎ ও নিষ্ঠাবান হলে দেশের উন্নতি হয় : জাতীয় সংসদে প্রধানমন্ত্রী

৩। সংসদের শীতকালীন অধিবেশন চলবে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত

৪। যুবসমাজের সম্ভাবনা কাজে লাগাতে হবে : ইসলামী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি

৫। ওয়ার্ল্ড এক্সপো আয়োজনে ঢাকার সহযোগিতা চাইলো ফ্রান্স : প্রধানমন্ত্রীর সঙ্গে প্যাসকেল ল্যামির সাক্ষাৎ

৬। এলডিসি থেকে বেরিয়ে যেতে তিনটি শর্ত প্রায় পূরণ করেছে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী

৭। সাবেক এমপি ইউসুফের চিকিৎসার ব্যবস্থা করতে চট্টগ্রামের জেলা প্রশাসককে নির্দেশ প্রধানমন্ত্রীর

৮। কর্মদিবসে শোভাযাত্রা সমাবেশ নয় : সেতুমন্ত্রী

৯। সাংবাদিকদের সাথে মতবিনিময় করলেন তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম

১০। পুলিশ সপ্তাহ শুরু আজ

চলমানপাতা/২

**১। জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণ : মত-পথের পার্থক্য ভুলে কাজ করার আহ্বান**

গণতান্ত্রিক অভিযাত্রা ও দেশের উন্নয়ন ত্বরান্বিত করতে মত-পথের পার্থক্য ভুলে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি আশা প্রকাশ করেন, উন্নয়নের ধারা অব্যাহত রেখে বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে রূপান্তরিত করবে। গতকাল (৭ জানুয়ারি রোববার) জাতীয় সংসদের অধিবেশনে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**২। রাজনীতিবিদরা সৎ ও নিষ্ঠাবান হলে দেশের উন্নতি হয় : জাতীয় সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, রাজনীতিবিদরা সৎ, নিষ্ঠাবান হলে দেশের উন্নতি হয়। প্রয়াত মন্ত্রী ছায়েদুল হক ও সংসদ সদস্য গোলাম মোস্তফা ব্যক্তি জীবনে সততা, নিষ্ঠা ও একাগ্রতার জন্য মানুষের হৃদয়ে জায়গা করে নিয়েছেন। প্রয়াত ছায়েদুল হক দক্ষতা ও সততার সঙ্গে মন্ত্রণালয় চালিয়ে দেশের উন্নয়নে ব্যাপক অবদান রেখেছেন। দেশের মৎস্যসম্পদ উন্নয়নে তাঁর ভূমিকা রয়েছে। গতকাল (৭ জানুয়ারি রোববার) দশম জাতীয় সংসদের ১৯তম অধিবেশনের প্রথম কার্যদিবসে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনের শুরুতে শোকপ্রস্তাবের বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৩। সংসদের শীতকালীন অধিবেশন চলবে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত**

সরকার ও বিরোধী দলের সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দশম জাতীয় সংসদের ১৯তম (শীতকালীন) অধিবেশন শুরু হয়েছে। গতকাল (৭ জানুয়ারি রোববার) স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত এ অধিবেশন চলবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৭)।

**৪। যুবসমাজের সম্ভাবনা কাজে লাগাতে হবে : ইসলামী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি**

দেশকে সমৃদ্ধশালী হিসেবে গড়ে তুলতে যুবসমাজের শক্তি ও সম্ভাবনা কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেন, 'যুবকদের শক্তি, সামর্থ্য ও সম্ভাবনা কাজে লাগিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে হবে।' কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে গতকাল (৭ জানুয়ারি রোববার) দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

**৫। ওয়ার্ল্ড এক্সপো আয়োজনে ঢাকার সহযোগিতা চাইলো ফ্রান্স : প্রধানমন্ত্রীর সঙ্গে প্যাসকেল ল্যামির সাক্ষাৎ**

ওয়ার্ল্ড এক্সপো ২০২৫ আয়োজনে ঢাকার সহযোগিতা কামনা করেছেন ফ্রান্স সরকারের পরামর্শক ও বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) সাবেক মহাপরিচালক প্যাসকেল ল্যামি। গতকাল (৭ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে সৌজন্য সাক্ষাতের সময় তিনি এ সহযোগিতা কামনা করেন। প্রধানমন্ত্রীকে ল্যামি আরও জানান, ফ্রান্স ওয়ার্ল্ড এক্সপো ২০২৫ এর থিম ঠিক করেছে 'ভাগাভাগির জন্য জ্ঞান, পরিচর্যার জন্য বিশ্ব'। জবাবে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ ফ্রান্সের অনুরোধ বিবেচনা করবে। প্যাসকেল ল্যামি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের প্রশংসা করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৬। এলডিসি থেকে বেরিয়ে যেতে তিনটি শর্ত প্রায় পূরণ করেছে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, চলতি ২০১৮ সালের মার্চ মাসে স্বল্পোন্নত দেশের তালিকা বা এলডিসি থেকে উন্নয়নশীল দেশে পরিণত হবে বাংলাদেশ। এলডিসি থেকে বেরিয়ে যেতে হলে যে তিনটি শর্ত পূরণ করতে হয়, তা বাংলাদেশ প্রায় অর্জন করেছে। তিনটি বিষয় বিবেচনা করে কোনো দেশকে এলডিসি থেকে

উন্নয়নশীল দেশে পরিণত হবার ঘোষণা দেয় জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল। আগামী মার্চ মাসে এ কাউন্সিলের মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হবে। সেখানে বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসেবে ঘোষণার বিষয়টি আলোচিত হবে। মন্ত্রী গতকাল (৭ জানুয়ারি রোববার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে বাংলাদেশে সফররত ডব্লিউটিও-এর সাবেক মহাপরিচালক প্যাসকেল ল্যামির সাথে মতবিনিময়শেষে সাংবাদিকদের উদ্দেশ্যে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।

**৭। সাবেক এমপি ইউসুফের চিকিৎসার ব্যবস্থা করতে চট্টগ্রামের জেলা প্রশাসককে নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৭ জানুয়ারি রোববার) সাবেক সংসদ সদস্য মোহাম্মদ ইউসুফের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে চট্টগ্রামের জেলা প্রশাসককে নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রীর একান্ত সচিব সাজ্জাদুল হাসান এ নির্দেশ চট্টগ্রামের জেলা প্রশাসককে পৌঁছে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

**৮। কর্মদিবসে শোভাযাত্রা সমাবেশ নয় : সেতুমন্ত্রী**

ঢাকা শহরের প্রধান সমস্যা যানজট। এ সমস্যা সমাধানে মেট্রোরেলের কাজ চলছে। তবে তা বাস্তবায়ন বা এর সুফল পেতে সময় লাগবে। এখন সাময়িকভাবে যানজট নিরসনে ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষকে (ডিটিসিএ) পদক্ষেপ নিতে হবে। তাই ঢাকা শহরে কর্মদিবসে কোনো ধরনের শোভাযাত্রা করা যাবে না বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৭ জানুয়ারি রোববার) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নগর ভবনে ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের সভাকক্ষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**৯। সাংবাদিকদের সাথে মতবিনিময় করলেন তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম**

নতুন তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম গতকাল (৭ জানুয়ারি রোববার) তাঁর দায়িত্ব গ্রহণ করেছেন। মন্ত্রণালয়ে যোগ দিয়ে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। এ সময় তথ্যমন্ত্রী তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। গতকাল সকালে দায়িত্ব নেওয়ার পর তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন তথ্য প্রতিমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১০। পুলিশ সপ্তাহ শুরু আজ**

আজ (৮ জানুয়ারি সোমবার) পুলিশ সপ্তাহ শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে রাজারবাগ পুলিশ লাইনস মাঠে বর্ণাঢ্য পুলিশ প্যারেডের মধ্য দিয়ে পুলিশ সপ্তাহ উদ্বোধন করবেন। তিনি সারা দেশের বিভিন্ন পুলিশ ইউনিটের সদস্যদের সমন্বয়ে গঠিত **১১**টি কনটিনজেন্ট এবং পতাকাবাহী দলের প্যারেড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করবেন। এ বছর পুলিশ সপ্তাহের মূল প্রতিপাদ্য ‘জঙ্গি মাদকের প্রতিকার, বাংলাদেশ পুলিশের অঙ্গীকার’। পুলিশ সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ভোরের কাগজ :** দেশীয় গবেষণায় উদ্ভাবিত হচ্ছে পাট ও তুলার সংমিশ্রণে ডেনিম কাপড় উল্লেখ করে ডেনিম কাপড় পাটের ব্যবহার বহুমুখী করার ক্ষেত্রে একটি বড় সম্ভাবনার দরজা উন্মুক্ত করেছে বলে মতপ্রকাশ।

খ. **জনকণ্ঠ :** আমদানি করেও চাল ও পেঁয়াজের মূল্যবৃদ্ধি রোধ করতে না পারার কথা উল্লেখ করে এসব পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টিকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** নারী-শিশু নির্যাতনের ঘটনায় দায়েরকৃত মামলার ৯০ ভাগ আসামিই খালাস পেয়ে যায় উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ তদন্তের দাবি।

ঘ. **প্রথম আলো :** বিভাগীয় শহর ময়মনসিংহকে আদর্শ নগরী হিসেবে গড়ে তুলে নাগরিকদের সুযোগ সুবিধা নিশ্চিত করতে সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠানের ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** পুরান ঢাকার আবাসিক এলাকায় কেমিক্যাল গোডাউনের কারণে তা অগ্নিকাণ্ডের ঝুঁকির মধ্যে আছে উল্লেখ করে দ্রুত এগুলো অন্যত্র সরানোর দাবি।

চ. **যায়যায়দিন :** দেশের চাহিদার ৯৮ শতাংশ পূরণ করেও বাংলাদেশে প্রস্তুত ওষুধ বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি হচ্ছে উল্লেখ করে এ খাতের আরও উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** সংখ্যালঘুদের অধিকার রক্ষায় সংশ্লিষ্টদের প্রতি আহ্বান।

জ. **এশিয়ান এজ :** যেখানে-সেখানে গড়ে ওঠা অসংখ্য ইটভাটা পরিবেশ দূষণ করছে বলে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে শিশুকাল থেকেই নৈতিকতা ও মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে শিশুদের গড়ে তুলতে হবে বলে মতপ্রকাশ।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'ভয়ের সংস্কৃতি ও জননিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে গণতন্ত্র ও নিরাপত্তার সুষ্ঠু তদারকি নিশ্চিত করার দায়িত্ব মূলত রাষ্ট্রের তথা রাষ্ট্রের নাগরিকদের বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০